

🏠 / টেক প্রতিদিন / সিবিট মেলায় বাংলাদেশ

প্রকাশ: ১২ মার্চ, ২০১৪ ০০:০০

সিবিট মেলায় বাংলাদেশ

📄 টেক প্রতিদিন ডেস্ক



সিবিট মেলায় বাংলাদেশ

জার্মানির হ্যানোভারে চলছে বিশ্বের সবচেয়ে বড় তথ্যপ্রযুক্তি মেলা 'সিবিট ২০১৪'। পাঁচ দিনের এ আয়োজনে বিশ্বের বিভিন্ন দেশ থেকে ৩০০ প্রযুক্তি প্রতিষ্ঠান নিজেদের সর্বশেষ প্রযুক্তিপণ্য ও সেবা প্রদর্শন করছে। মেলায় রগুনি উন্নয়ন ব্যুরোর সহযোগিতায় বাংলাদেশ প্যাভিলিয়নে নিজেদের পণ্যসেবা তুলে ধরছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের (বেসিস) আট সদস্য প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানগুলো হলো বিয়ন্ড টেকনোলজিস, করপোরেট আইটি, লিডসফট বাংলাদেশ, মীর টেকনোলজিস, রানার সাইবারলিংক, ডাটাবেজ সফটওয়্যার, এনটুসিস টেকনোলজি ও কৃশ।

এর পাশাপাশি নেদারল্যান্ডসের সেন্টার ফর দ্য প্রমোশন অব ইমপোর্টস ফর ডেভেলপিং কান্ট্রিজের অধীনেও বেশ কিছু তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান অংশ নিয়েছে বলে জানিয়েছে বেসিস কার্যালয়।